**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# ওয়েস্টার্ন নিউ ইয়র্ক রাউন্ডটেবিলের পরে বাফেলোর নেতৃবৃন্দ ও নির্বাচিত কর্মকর্তারা গভর্নর হোকলের নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্টের প্রতি সমর্থন জানিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট নিয়ে আলোচনা করার জন্য বাফেলোতে স্থানীয় নেতৃবৃন্দ এবং নির্বাচিত কর্মকর্তাদের নিয়ে একটি কমিউনিটি রাউন্ডটেবিলের আয়োজন করেছেন, যেটি নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলা করা এবং আগামী দশকে 800,000 নতুন বাড়ি নির্মাণ করার জন্য 2024 অর্থবছরের নির্বাহী বাজেটে ঘোষণা করা গভর্নরের সমন্বিত কর্মকৌশল। অ্যাডভোকেটরা এই পরিকল্পনার প্রতি তাদের সমর্থনের কথা জানিয়েছেন, যা নিউ ইয়র্ককে আরো বেশি বাসযোগ্য, আরো বেশি অ্যাক্সেসযোগ্য, এবং আরো বেশি সাশ্রয়ী করে তোলার জন্য গভর্নরের রূপকল্পের সঙ্গে যোগ হচ্ছে।

**এরি কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সির (Erie County Industrial Development Agency) প্রেসিডেন্ট ও CEO জন ক্যাপেলিনো বলেন,** "যেকোনো সফল অর্থনৈতিক উন্নয়ন কর্মকৌশলের মধ্যে কমিউনিটি ডেভেলপমেন্টের বিষয়টি সম্পৃক্ত থাকতে হবে; এই দুইটি একে অপরের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। আমাদের কর্মীদের জন্য সাশ্রয়ী আবাসনের পর্যাপ্ত সরবরাহ থাকা নিউ ইয়র্ক স্টেটে নিয়োগকর্তাদেরকে আকৃষ্ট করা এবং কর্মসংস্থান বৃদ্ধি করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর্মীদের আবাসন সম্পর্কে গভর্নরের হাউজিং কমপ্যাক্টে নির্ধারণ করা লক্ষ্যগুলো কিভাবে পূরণ করতে হবে সে কর্মকৌশল প্রণয়ন করার জন্য আলোচনার টেবিলে অংশ নিতে পেতে ECIDA আনন্দিত।"

**পিপল ইনক. (People, Inc.) এর প্রেসিডেন্ট ও CEO রোন্ডা ফ্রেডেরিক বলেন,** "ওয়েস্টার্ন নিউ ইয়র্কে সাশ্রয়ী আবাসনের অন্যতম বৃহৎ সরবরাহকারী হিসেবে, আমি গভর্নর হোকলের বিস্তৃত হাউজিং কমপ্যাক্ট পরিকল্পনার জন্য তার প্রশংসা করি। স্থানীয় পর্যায়ে আবাসন বাস্তবায়নের জন্য কী প্রয়োজন সে সম্পর্কে গভর্নর হোকলের একটি অনন্য দৃষ্টিভঙ্গী রয়েছে কারণ তিনি হ্যামবার্গ টাউনের বোর্ড সদস্য ছিলেন, এবং তিনি জোনিং ও SEQR-এর মতো বিষয়গুলো বুঝেন। যেসব বিষয় নিয়ে আমরা 1990 এর সময়ে তার সঙ্গে কাজ করেছি। এখন সময় নিউ ইয়র্ক স্টেটের গভর্নরের এই পরিকল্পনার মতো একটি পরিকল্পনা পাওয়ার যাতে আমরা আমাদের কমিউনিটিগুলোতে NIMBY সমস্যাগুলো কাটিয়ে উঠতে পারি এবং আমাদের বৃহৎ স্টেটে আরো বেশি মানুষের জন্য এবং আরো বেশি কমিউনিটিতে আবাসনের সুযোগ-সুবিধা তৈরি করতে পারি।"

**বাফেলো সিটির মেয়র বাইরন ডব্লিউ. ব্রাউন বলেন,** "গভর্নর হোকল বুঝতে পেরেছেন যে আমাদের অর্থনীতির বেড়ে উঠার জন্য আমাদেরকে আমাদের সাশ্রয়ী আবাসনের পরিমাণ বৃদ্ধি করতে হবে। নির্বাহী বাজেটটিতে আবাসনের প্রয়োজনীয় সম্প্রসারণকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, বাফেলো সিটি সেই লক্ষ্য পূরণ করার এবং ছাড়িয়ে যাওয়ার প্রত্যাশা রাখে। এছাড়াও এই অতি গুরুত্বপূর্ণ মিশন সম্পন্ন করতে কমিউনিটিগুলোকে সংস্থানসমূহ প্রদান করার জন্য আমি তার প্রশাসনকে সাধুবাদ জানাই।"

**বাফেলো সিটির কমন কাউন্সিলের (City of Buffalo Common Council) প্রেসিডেন্ট ডারিয়াস জি. প্রিডজেন বলেন,** "গভর্নর হোকলের নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট নিউ ইয়র্কবাসীদের যাতে মানসম্মত আবাসনে বসবাস করা চালিয়ে যাওয়ার সক্ষমতা এবং ক্রয়ক্ষমতা থাকে সে বিষয়টি নিশ্চিত করার জন্য সঠিক দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে আরেকটি পদক্ষেপ। আমি বিশ্বাস করি যে তিনি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের মানুষদের কাছ থেকে শুনেছেন যে আমরা একটি আবাসন সংকটের সম্মুখীন হয়েছি এবং এই কমপ্যাক্ট সেই চাহিদা পূরণ করার জন্য একটি সমাধান। মিশ্র আয়ের কমিউনিটি এবং সাশ্রয়ী আবাসনের একজন সমর্থক হিসেবে, আমি গভর্নর হোকলকে তার প্রস্তাবের জন্য সাধুবাদ জানাই এবং আমি জানি যে এটি আমাদের অপেক্ষাকৃত কম সৌভাগ্যবান ও সুবিধাবঞ্চিতদেরকে সাহায্য করবে।"

**বাফেলো মিউনিসিপ্যাল হাউজিং অথরিটির (Buffalo Municipal Housing Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর গিলিয়ন ব্রাউন বলেন,** "NYS-এর দ্বিতীয় বৃহত্তম হাউজিং অথরিটি, বাফেলো মিউনিসিপ্যাল হাউজিং অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে আমাদের স্টেটের আবাসন স্বল্পতার কারণে কী ক্ষতি হয় তা আমার ভালোভাবে জানা আছে। আমি উৎসাহের সঙ্গে গভর্নর হোকলের প্রস্তাবিত হাউজিং কমপ্যাক্ট সমর্থন করছি, এবং আমি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অতি প্রয়োজনীয় সাশ্রয়ী ও বাজার দরের উভয় প্রকার আবাসনের সরবরাহ বৃদ্ধি পেতে দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

**নায়াগ্রা ফলস সিটির মেয়র রবার্ট রেস্টানিও বলেন,** "নিউ ইয়র্ককে আরো বেশি বাসযোগ্য ও সাশ্রয়ী করে তোলার প্রতি আমাদের গভর্নর যে মনোযোগ দিচ্ছেন সেজন্য আমরা কৃতজ্ঞ। আমাদের স্টেটের অত্যন্ত অবহেলিত একটি সমস্যা মোকাবেলায় তার প্রত্যক্ষ প্রভাব তার সাহসী নেতৃত্বের প্রতিফলন। আমাদের সিটি সব অধিবাসীর জন্য আমাদের কমিউনিটিকে উন্নত করার জন্য তার প্রচেষ্টাসমূহের সুফলকে স্বাগত জানায়।"

**জেমসটাউন সিটির মেয়র এডি সানডকুইস্ট বলেন,** "কমিউনিটি নেতৃবৃন্দের সাথে একসঙ্গে আলোচনায় বসার জন্য এবং নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্টের জন্য তার প্রস্তাব ব্যাখ্যা করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই। এটি একটি রূপান্তরমূলক আইন হবে যা স্টেটজুড়ে আবাসন সংক্রান্ত চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার চেষ্টা করবে। জেমসটাউনের মতো সিটিগুলোতে এই প্রস্তাবটি কিভাবে সবচেয়ে ভালোভাবে বাস্তবায়ন করা যায় আমি সে আলোচনা চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**ডানকার্ক সিটির মেয়র উইলি রোসাস বলেন**, "ডানকার্কে এবং স্টেটজুড়ে মানসম্মত, সাশ্রয়ী ও নিরাপদ আবাসনের জন্য সংকটের মতো চাহিদা পূরণ করতে তার নিউ ইয়র্ক হাউজিং

কমপ্যাক্টের মাধ্যমে গভর্নর হোকল সবচেয়ে মৌলিক চাহিদাগুলো পূরণের জন্য একটি সাহসী রূপকল্প ও পরিকল্পনা উপস্থাপন করেছেন যা আমাদের নিয়োগকর্তাদের প্রতিবেশী স্টেটগুলোর কর্মীদের নিয়োগ দেওয়ার জন্য প্রতিযোগিতায় লিপ্ত হওয়ার এই সময়ে আমাদের ডাউনটাউনের পুনঃউন্নয়নের এবং আমাদের স্থানীয় অর্থনীতির চালিকাশক্তি হিসেবে কাজ করবে। আমাদের নাগরিকরা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো সবসময় আরো ভালো মানসম্মত আবাসনকে একটি অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে আসছে যা সবসময় শীর্ষে উঠে আসে।"

**অ্যামহার্স্ট টাউনের সুপারভাইজর ব্রায়ান জে. কুলপা বলেন,** "গভর্নরের আবাসন সংক্রান্ত লক্ষ্য উচ্চাকাঙ্ক্ষী কিন্তু অর্জনযোগ্য। মিউনিসিপ্যালিটি হিসেবে আমাদেরকে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করার পাশাপাশি আবাসন বৃদ্ধি করার প্রতিও মনোযোগী হওয়া উচিত। একটি অঞ্চল হিসেবে আমাদের বেড়ে উঠার এটিই একমাত্র উপায়। আমি হাউজিং কমপ্যাক্টকে পুরোপুরি সমর্থন করি এবং অ্যামহার্স্ট তিন বছর মেয়াদী 1 শতাংশ প্রবৃদ্ধি এক বছরের মধ্যে অর্জন করার পথে রয়েছে। বুলেভার্ড মলের পুনঃউন্নয়নের জন্য আমার রূপকল্পটি নিয়ে আলোচনা করার সুযোগ পাওয়ার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই, যে প্রকল্পে একটি একক ব্যবহারের সম্পত্তি নিয়ে সেটিকে মিশ্র ব্যবহারের সম্পত্তিতে রূপান্তর করা হবে, যেখানে 3,000 আবাসন ইউনিট থাকবে। টাউনের পরিকল্পনাটি একটি দক্ষ কর্মীদল গড়ে তোলার ক্ষেত্রে UB-এর সফলতা ও বেড়ে উঠার জন্যেও ভূমিকা রাখবে, যে কর্মীদলটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে থেকে যাবে বলে আমরা দেখতে চাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন